গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ/২৭ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ২৪৭-আইন/আয়কর-৪১/২০২৪।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে এস, আর, ও নং -২০৮-আইন/আয়কর-০৩/২০২৩, তারিখ: ২৬ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ, অতঃপর উক্ত প্রজ্ঞাপন বলিয়া উল্লিখিত, এ নিম্নবর্ণিত সংশোধন করিল, যথা:—

উক্ত প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ২ এর পর নিম্নরূপ নূতন অনুচ্ছেদ ২ক ও ২খ সন্নিবেশিত হইবে, যথা:—

"২ক। রহিত প্রজ্ঞাপন এস, আর, ও নং- ১৯৪-আইন/আয়কর/২০২৩ দ্বারা নিম্নবর্ণিত রহিত প্রজ্ঞাপনসমূহের অধীন যে সকল প্রতিষ্ঠান কর অব্যাহতি সুবিধা প্রাপ্ত হইয়াছে সে সকল প্রতিষ্ঠানের উক্তরূপ সুবিধা উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত শর্ত ও সীমা সাপেক্ষে অব্যাহত থাকিবে, যথা:—

(ক) প্রজ্ঞাপন এস, আর, ও নং -২১১-আইন/আয়কর/২০১৩, তারিখ: ১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ;

(খ) প্রজ্ঞাপন এস, আর, ও নং -২১২-আইন/আয়কর/২০১৩, তারিখ: ১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ; এবং

(গ) প্রজ্ঞাপন এস, আর, ও নং -০৫-আইন/আয়কর/২০২০, তারিখ: ০৯ জানুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ।

২খ। ৩০ জুন, ২০২২ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে সরকার যে সকল প্রতিষ্ঠানের সহিত গ্যাস বা আর-এলএনজি ভিত্তিক কমবাইন্ড সাইকেল বিদ্যুৎ উৎপাদনের চুক্তিবদ্ধ হইয়াছে কিন্তু উৎপাদন কার্যক্রম শুরু করিতে সক্ষম হয় নাই উহারা বাণিজ্যিক উৎপাদনের বৎসর হইতে অনধিক ১০ (দশ) বৎসর নিম্নোক্তভাবে কর অব্যাহতি প্রাপ্ত হইবে, যথা:—

(ক) কোম্পানি কর্তৃক কেবল বিদ্যুৎ বিক্রয় হইতে অর্জিত আয় করমুক্ত থাকিবে;

(খ) কোম্পানি কর্তৃক গৃহীত বৈদেশিক ঋণের উপর প্রদেয় সুদের করমুক্ত থাকিবে; এবং

(গ) কোম্পানি কর্তৃক প্রদেয় royalties, technical know-how and technical assistance fees করমুক্ত থাকিবে।"।

২। এই প্রজ্ঞাপন ০১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com